



সিরাজগঞ্জ জেলা কারাগারের বন্দীদের শিক্ষা কার্যক্রম চলিতেছে। -ইত্তেফাক

### সিরাজগঞ্জ জেলা কারাগারের ২ শত বন্দীকে শিক্ষাদান

ব্রাহ্মণ্য প্রতিনিধি ॥ সিরাজ-  
গঞ্জ জেলা কারাগারে প্রাথমিক  
শিক্ষাদান কর্মসূচীর আওতায় ২ শত  
বন্দীকে শিক্ষা দেওয়া হইয়াছে।  
১৯৯৬ সাল হইতে জেলা কারা-  
গারের বন্দীদের শিক্ষাদান কার্যক্রম  
শুরু করা হয়। এই সময়ের মধ্যে ২  
শত আসামী ও কয়েদীকে শিক্ষা  
দেওয়া হইয়াছে। এই কার্যক্রম  
অব্যাহত আছে। প্রাথমিক ও গণ-  
শিক্ষা অধিদপ্তর হইতে বই সরবরাহ  
করা হইয়াছে। জেলা কারাগার সূত্রে  
জানা যায়, কারাগারে শিক্ষণ কার্য-  
ক্রমে তাহার সফল হইয়াছে। অক্ষর-  
জ্ঞান লাভ করিয়া অনেকেই কারাগার  
হইতে ছাড়া পাইয়া স্ব-স্ব এলাকায়  
অপরাধমুক্ত জীবন যাপন করিতেছে।